বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৫৮ তারিখ: ০৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি'র সাথে গ্রামীণফোন এর শীর্ষ নির্বাহীদের অনুষ্ঠিত সভা প্রসঙ্গে।**



অদ্য ২২ অক্টোবর ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সাথে গ্রামীণফোন এর শীর্ষ নির্বাহীদের একটি সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ এবং গ্রামীণফোন (Grameenphone) এর প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) জনাব Yasir Azman, গ্রামীণফোনের চিফ ফাইন্যান্সিয়াল অফিসার (CFO) জনাব Otto Magne Risbakk ও গ্রামীণফোনের হেড অব ইনভেস্টর রিলেশনস জনাব Chowdhury Tazrian Israt উপস্থিত ছিলেন।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ উক্ত সভায় অন্যান্যের মধ্যে বলেন, বাজার মূলধন বিবেচনায় দেশের প্রধান পুঁজিবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ এর সর্ববৃহৎ কোম্পানি গ্রামীণফোন। একইসাথে এটি বাংলাদেশের বৃহত্তম মোবাইল টেলিকমিউনিকেশন অপারেটর। দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বিকাশে অতীতে যেমন গ্রামীণফোনের ভূমিকা রয়েছে, তেমনি আগামীতেও দেশের পুঁজিবাজারকে আরো ভালো অবস্থানে নিয়ে যেতে গ্রামীণফোন উল্লেখযোগ্য ভূমিকা রাখবেই বলে আমাদের প্রত্যাশা। দেশের বৃহত্তম মোবাইল টেলিকমিউনিকেশন অপারেটর হিসেবে গ্রামীণফোনের রয়েছে দেশের সর্বত্র সকল শ্রেণী-পেশার মানুষের সাথে সরাসরি ও দ্রুত যোগাযোগের সুযোগ। এই সুযোগকে কাজে লাগিয়ে জনসাধারণের মাঝে বিনিয়োগ শিক্ষা ছড়িয়ে দিতে বিএসইসি ও গ্রামীণফোন একসাথে কাজ করবে।

উক্ত সভায় দেশের পুঁজিবাজারের নানা দিক নিয়ে আলোচনা হয়। গ্রামীণফোন এর বিদ্যামান বাজার এবং ভবিষ্যৎ পরিকল্পনা ও সুযোগ-সম্ভাবনা, দেশের পুঁজিবাজারের বিভিন্ন বিষয়, পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের সচেতনতা ও আস্থা বৃদ্ধি, দেশে বিনিয়োগ শিক্ষা (Financial literacy) এর প্রসার ও বিকাশ ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা হয়। সর্বোপরি, দেশে বিনিয়োগ শিক্ষা (Financial literacy) এর প্রসার ও বিকাশে এবং দেশের বিনিয়োগকারীদের মাঝে সচেতনতা বৃদ্ধি এবং সেক্ষেত্রে গ্রামীণফোনের সহযোগিতার বিষয়টি বৈঠকের আলোচনায় গুরুত্ব পেয়েছে।

মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা ও
মুখপাত্র (অতিরিক্ত দায়িত্ব)